

বিজ্ঞপ্তি

নট্রে ডেম হলিক্রস উচ্চ বিদ্যালয়
মোহরপাড়া, উত্তর পুলিনপুর, তেলিয়ামুড়া
খোয়াই ত্রিপুরা

সম্মানীয় অভিভাবক/অভিভাবিকাবন্দ,

নট্রে ডেম হলিক্রস উচ্চ বিদ্যালয়ের পক্ষ থেকে জানাচ্ছি অভিনন্দন ও শুভেচ্ছা। এই কোভিড-১৯ মহামারী পরিস্থিতিতে আপনারা যেভাবে আমাদের বিদ্যালয়কে অগ্রগতির দিকে নিয়ে যেতে এগিয়ে আসছেন এবং আপনাদের সময়উচিত সু-পরামর্শ ও সহযোগিতার জন্য জানাই আন্তরিক ধন্যবাদ ও অভিবাধন। আমরা আন্তরিকতার সঙ্গে ষান্মাসিক পরীক্ষা নেওয়ার প্রস্তুতি নিয়েছি। ছাত্র-ছাত্রীদের কঠোর পরিশ্রম, সততা ও তাদের ভবিষ্যত উন্নতির জন্য পরীক্ষার ফলাফল খুবই গুরুত্বপূর্ণ। আমরা ছাত্র-ছাত্রীদের লক্ষ্যে পৌঁছে দেবার জন্য অঙ্গীকারবদ্ধ। এখন সময় হল ছাত্র-ছাত্রীদের ষান্মাসিক পরীক্ষার জন্য অনুপ্রাণিত করা।

ষান্মাসিক পরীক্ষার নির্দেশাবলী

- ষান্মাসিক পরীক্ষা শুরু হবে ১৫ ই অক্টোবর ২০২০ ইন থেকে চলবে ২২শে অক্টোবর ২০২০ পর্যন্ত।
- পরীক্ষা হবে নিজ নিজ বাড়িতে।
- পরীক্ষার প্রশ্নপত্র বিদ্যালয় প্রদান করবে এবং প্রশ্নপত্র সংগ্রহের তারিখ জানিয়ে দেওয়া হবে।
- ছাত্র-ছাত্রীদের প্রশ্নপত্র নেওয়ার পূর্বে বিদ্যালয়ের ফি-কাউন্টার থেকে পরীক্ষায় বসার অনুমোদন পত্র সংগ্রহ করে নিতে হবে।
- প্রশ্নপত্র নির্দিষ্ট বদ্ধ খামে করে দেওয়া হবে। বিশেষ অনুরোধ থাকবে পরীক্ষার দিন ব্যতীত অন্য কোন দিনে প্রশ্নপত্র যেন না খোলা হয়।
- পরীক্ষার সময়সূচি অনুসারে প্রশ্নপত্র ছাত্র-ছাত্রীদের দেওয়া হবে।
- তত্ত্বাবধায়কদের অনুরোধ করা হচ্ছে উত্তরপত্র সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশ দেওয়ার জন্য।
- ছাত্র-ছাত্রীরা যেন থেকে বই থেকে প্রতিলিপি বা অন্য কারো সাহায্য না নেয়।
- উত্তর পত্র লিখার সময় ছাত্রছাত্রীরা যেন বিদ্যালয়ের বা বাড়ির পোশাক পরে উত্তর লিখতে বসে।
- পরীক্ষার নির্দিষ্ট দিন গুলিতে ছাত্র ছাত্রীরা প্রশ্নপত্রে নিজ নিজ ফটো লাগিয়ে ক্লাস হোয়াটসঅ্যাপ গ্রুপে পাঠাতে হবে। ছাত্র-ছাত্রীদের উপস্থিতির হিসাবের জন্য।
- ছাত্র-ছাত্রীরা বিদ্যালয় থেকে দেওয়া নোট কপিতে উত্তর লিখতে হবে। একটি পরীক্ষা শেষ হয়ে গেলে যত্নসহকারে উত্তরপত্রটি নিজ দায়িত্বে রাখতে হবে এবং পুনরায় অন্য কোন কিছু লেখা যাবে না।
- উত্তর পত্র গুলী বিদ্যালয় থেকে দেওয়া তারিখ অনুসারে বিদ্যালয় জমা দিতে হবে।
- পরীক্ষার সময় সকাল ১০ টা থেকে দুপুর ১ পর্যন্ত।
- পরীক্ষার দিনগুলোতে কোনো সমস্যার সম্মুখীন হলে বিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে পারবে।

- পরীক্ষার সিলেবাস সম্পর্কে কোন সমস্যা থাকলে আগামী ৩,৪ এবং ৫ অক্টোবর ২০২০ ইং শিক্ষকদের সঙ্গে সাক্ষাৎ করে সমস্ত কিছু জেনে নিতে পারেন।
- পরীক্ষা নেওয়ার সঠিক উদ্দেশ্য সম্পন্ন করতে অভিভাবক অভিভাবিকাগনদের অনুরোধ করা হচ্ছে ছাত্র-ছাত্রীদের পরীক্ষার দিনগুলোতে যেন পুঙ্খানুপুঙ্খ ভাবে তত্ত্বাবধান করা হয়।

আপনাদের সার্বিক সহযোগিতায় ছাত্র-ছাত্রীদের জীবন সার্থক হয়ে উঠুক

ধন্যবাদ

পরমেশ্বর সকলের মঙ্গল করুক

বিনীত

ফাদার আলফ্রেড ডি'সুজা, সি.এস.সি.

অধ্যক্ষ